**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**জেশপ বিল্ডিং (দ্বি-তল), ৬৩, এন. এস. রোড**
**কলকাতা - ৭০০ ০০১**

**নং - ৫২৩৪/পিএন/ও/এক/ ১এস - ১/০৫** **তারিখ : ২৫/০৮/২০০৫**

## আদেশনামা

গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলির পুনর্গঠন, পরিচালনা ও তত্ত্বাবধান এবং গ্রামীণ স্বাস্থ্য পরিষেবার পুনর্বিন্যাসের প্রয়োজনীয়তা উপলব্ধি করে এবং ইতিমধ্যে রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ থেকে প্রচারিত **১১ই মে, ২০০৫** তারিখের **১০৯/সি.এফ.ডব্লু./২০০৫** সংখক আদেশনামার সাথে সাযুজ্য বজায় রেখে রাজ্যপাল পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ - এর ২০৭ খ এবং ২১২ ধারায় প্রাপ্ত ক্ষমতা বলে নিম্নলিখিত নির্দেশগুলি জারী করেছেন :-

(ক) পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং স্বাস্থ্য উপ-কেন্দ্রগুলিতে সৃষ্ট সম্পদ, যেমন গৃহ-ভবনাদি সম্পূর্ণ নির্মিত অথবা আংশিক নির্মিত অথবা পুরাতন, জীর্ণ গৃহ-কাঠামো, খালি জমি, জলাশয় এবং নাগরিক পরিষেবার জন্য সৃষ্ট সামাজিক সম্পদ, যেমন প্যানীয় জলের উৎস, শৌচাগার, বিশ্রামালয় ইত্যাদি রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার দায়িত্ব ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলির ক্ষেত্রে সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি এবং স্বাস্থ্য উপ-কেন্দ্রগুলির ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত পালন করবে ;

(খ) ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং স্বাস্থ্য উপ-কেন্দ্রগুলিতে সৃষ্ট স্থাবর বা অস্থাবর কোন সম্পদই সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতি অথবা গ্রাম পঞ্চায়েত কোন ব্যক্তি অথবা সংস্থার নিকট হস্তান্তর, বিক্রয়, বন্ধক, বন্দোবস্ত অথবা লীজ দিতে পারবেনা, তবে সংশ্লিষ্ট জিলা পরিষদের জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতিতে নির্দিষ্ট প্রস্তাবের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হলে পঞ্চায়েত সমিতি অথবা গ্রাম পঞ্চায়েত ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বা স্বাস্থ্য উপ-কেন্দ্রতে প্রয়োজন অনুযায়ী চিরস্থায়ী অথবা অস্থায়ী কাঠামো নির্মাণ করতে পারবে ;

(গ) রাজ্য অর্থ কমিশনের সুপারিশ অনুসারে প্রাপ্ত নিঃশর্ত তহবিল দিয়ে পঞ্চায়েত সমিতি ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের জন্য এবং গ্রাম পঞ্চায়েত স্বাস্থ্য উপ-কেন্দ্রের জন্য নূতন সম্পদ বা পরিকাঠামো সৃষ্টি করতে পারবে, যেমন - গৃহ নির্মাণ, শৌচাগার নির্মাণ, বিশ্রামালয় নির্মাণ ইত্যাদি । সংশ্লিষ্ট কেন্দ্রে বিদ্যুত ও জলের ব্যবস্থা করা এবং প্রয়োজনীয় আসবাবপত্র, যেমন - স্বাস্থ্য পরীক্ষার জন্য টেবিল তৈরী বা ক্রয় করা ইত্যাদি কাজগুলির জন্য উপরোক্ত অনুদানের অর্থ ব্যয় করা যাবে ;

(ঘ) গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিগুলি (গ) অনুচ্ছেদে উল্লিখিত কাজগুলি করার জন্য কর্ম পরিকল্পনা তৈরী করে সংশ্লিষ্ট জেলা পরিষদে পেশ করবে । কর্ম পরিকল্পনার কাজগুলির জন্য কোন্ কোন্ উৎস থেকে প্রাপ্ত অর্থ ব্যয়িত হবে তা ঐ প্রস্তাবে নির্দিষ্ট থাকবে । অতিরিক্ত অর্থের প্রয়োজন থাকলে তা ঐ প্রস্তাবে উল্লেখ করতে হবে । জেলা পরিষদের জনস্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতির সভায় (মিটিংয়ে) ঐ কর্ম পরিকল্পনাগুলির উপর আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গৃহীত হবে । অনুমোদনের পক্ষে সিদ্ধান্ত গৃহীত হলে সংশ্লিষ্ট জেলা পরিষদ রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগকে কর্ম পরিকল্পনাগুলি অবহিত করবে । জেলা পরিষদ রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ থেকে অনুদান প্রাপ্ত হলে তা ঐ জেলার অন্তর্ভূক্ত পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতগুলিকে তাদের চিহ্নিত প্রয়োজন অনুযায়ী পুনর্বন্টন করবে । স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ জেলাতে অনুদান বন্টনের পূর্বে সংশ্লিষ্ট জেলা পরিষদকে প্রস্তাবিত অনুদানের পরিমাণ সম্পর্কে অবহিত করবে ।

(ঙ) দ্বাদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী প্রাপ্ত অনুদান দিয়ে পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রগুলির সম্পদ এবং পরিকাঠামোর পরিচালনায় ও রক্ষণাবেক্ষণে ব্যয় করতে পারবে ;

(চ) (গ) এবং (ঙ) পরিচ্ছেদে বর্ণিত অনুদান ব্যতীত অন্য কোন উন্নয়নমুখী প্রকল্পে প্রাপ্ত অনুদান দ্বারা পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত সংশ্লিষ্ট কেন্দ্রগুলিতে নূতন সম্পদ বা পরিকাঠামো তৈরীর জন্য এবং সৃষ্ট সম্পদ বা পরিকাঠামোর পরিচালনায় ও রক্ষণাবেক্ষণে ব্যয় করতে পারবে ।

প্রসঙ্গতঃ উল্লেখ্য যে এই রাজ্যের সমস্ত ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং স্বাস্থ্য উপকেন্দ্রগুলি রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ থেকে প্রচারিত **১১ই মে, ২০০৫** তারিখের **১০৯/সি.এফ.ডব্লু/২০০৫** সংখ্যক আদেশনামা বলে যথাক্রমে পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতগুলিতে পুনর্গঠন, পরিচালনা ও তত্ত্বাবধানের জন্য হস্তান্তরিত হওয়ার কারণে এই বিভাগ থেকে প্রচারিত **১০ই ফেব্রুয়ারী, ২০০৫** তারিখের **৫৮৭/পি.এন./এন/।।/১জি - ৫/০৪** সংখ্যক আদেশনামার পঞ্চম অনুচ্ছেদে বর্ণিত আনুষ্ঠানিক হস্তান্তরের প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছে বলে ধরে নিতে হবে ।

এই আদেশ অবিলম্বে কার্য্যকর করতে হবে এবং এই প্রসঙ্গে পরবর্তী আদেশ প্রচারিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে ।

রাজ্যপালের আদেশানুসারে,

(মানবেন্দ্র নাথ রায়)
সচিব
পশ্চিমবঙ্গ সরকার

**নং - ৫২৩৪/১(৯)/পিএন/ও/এক/১এস - ১/০৫ তারিখ : ২৫/০৮/২০০৫**

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠানো হল :-

১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা ।
২) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যানী, নদীয়া ।
৩) সভাধিপতি, ---------------------------------------------------------------জেলা পরিষদ (সকল) ।
৪) জেলাশাসক, -----------------------------------------------------------------------------(সকল) ।
৫) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, -------------------------------------------জেলা পরিষদ (সকল)।
৬) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ---------------------------------------জেলা (সকল)।
৭) মহকুমা শাসক, -----------------------------------------------------------------------(সকল)।
৮) ব্লক উন্নয়ন আধিকারিক ও নির্বাহী আধিকারিক, -------------------------পঞ্চায়েত সমিতি (সকল)।
গ্রাম পঞ্চায়েত প্রধানদের অবিলম্বে জানানোর জন্য অনুরোধ করা হল ।
৯) এই বিভাগের সকল শাখা ।

যুগ্ম সচিব
পশ্চিমবঙ্গ সরকার